বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/১৪০৮

তারিখঃ ২০/০৫/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫১৭ তম কমিশন সভা অদ্য ২০/০৫/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. **প্রথমতঃ** GQ Ball Pen Industries Ltd (Issuer) এর ৩১শে ডিসেম্বর ২০১২ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে বোনাস শেয়ার/স্টক ডিভিডেন্ড (নন ক্যাশ লেনদেন আইটেম) ইস্যুর মাধ্যমে শেয়ার ক্যাপিটাল বৃদ্ধি করা হয়। এই শেয়ার ক্যাপিটাল (নন ক্যাশ লেনদেন আইটেম) বৃদ্ধির বিপরীতে ১.০৮ কোটি টাকার ক্যাশ ইনফ্লো কোম্পানীর ক্যাশ ফ্লো স্টেটমেন্টে দেখানো হয়েছে। এই নন ক্যাশ লেনদেন কোম্পানীর ক্যাশ ইনফ্লো হিসাবে দেখানোর মাধ্যমে কোম্পানীর বর্ণিত সময়ের ব্যালেন্স শীটে অতিরিক্ত ১.০৮ কোটি টাকার Cash এবং Bank Balance প্রদর্শিত হয়েছে।

উক্ত অসত্য তথ্য প্রদর্শনের ফলে নিম্নোক্ত আইন ভঙ্গ হয়েছে ঃ

i) BAS-07 (incorrect cash flow statement)
ii) Rule 12(2) of Securities and Exchange Rules, 1987 read with
iii) Section 18 of the Securities and Exchange Ordinance, 1969 (Submission of untrue and incorrect financial statements).

দ্বিতীয়তঃ GQ Ball Pen Industries Ltd এর সাবসিডিয়ারী কোম্পানী Maladesh International (Pvt.) Ltd. এর ৩০ শে সেপ্টেম্বর ২০১১ এবং ৩০শে সেপ্টেম্বর ২০১২ তারিখের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে যথাক্রমে ৪০ লক্ষ টাকা এবং ২৪ লক্ষ টাকা মূল্যমানের বোনাস শেয়ার/স্টক ডিভিডেন্ড ইস্যুর বিপরীতে যথাক্রমে cash outflow এবং cash inflow দেখানো হয়েছে যা contradictory। উল্লেখিত স্টক ডিভিডেন্ড/বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে কোম্পানীর শেয়ার ক্যাপিটাল বৃদ্ধি করা হয়েছে। এই নন ক্যাশ আইটেম cash flow statement এ প্রদর্শনের মাধ্যমে ২০১১ সালের ব্যালেন্স শীটে Cash এবং Bank Balance ৪০ লক্ষ টাকা কম এবং ২০১২ সালের ব্যালেন্স সীটে ২৪ লক্ষ টাকার অতিরিক্ত (overstated) Cash এবং Bank Balance দেখানো হয়েছে। উল্লেখিত দুইটি লেনদেনের মাধ্যমে ৩০শে সেপ্টেম্বর ২০১২ সমাপ্ত বৎসরে Net Cash এবং Bank Balance ১৬ লক্ষ টাকা কম দেখানো হয়েছে।

উক্ত অসত্য তথ্য প্রদর্শেনের ফলে নিম্নোক্ত আইন ভঙ্গ হয়ঃ

i) BAS-1 (true and fair view)
ii) Rule 12(2) of Securities and Exchange Rules, 1987 read with
iii) Section 18 of the Securities and Exchange Ordinance, 1969 (Submission of untrue and incorrect financial statements)

তৃতীয়তঃ GQ Ball Pen Industries Ltd. এর ৩১শে ডিসেম্বর ২০১২ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে ২২.৫৭ কোটি টাকার পুনঃমূল্যায়িত স্থায়ী সম্পদের উপর কোন অবচয় (depreciation) ধার্য করা হয় নাই এবং BAS অনুযায়ী পুনঃমূল্যায়িত সম্পদের উপর উক্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে যথাযথ disclosure প্রদান করা হয় নাই। এছাড়াও উক্ত কোম্পানী পুনঃমূল্যায়িত সম্পদের উপর Income Tax Ordinance, 1984 এর বিধানমতে পুনঃমূল্যায়িত সম্পদের উপর আরোপযোগ্য Tax এর বিষয়ে BAS-12 অনুযায়ী যথাযথ disclosure প্রদান করে নাই।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

উক্ত তথ্যসমূহ প্রদর্শনে ব্যর্থ হওয়ার ফলে নিম্নোক্ত আইন ভঙ্গ হয়ঃ

i) BAS-12 (non-calculation deferred tax liabilities properly), BAS-16 (Non charging of depreciation on revalued assets) and BAS-1(true and fair view); read with

ii) Rule 12(2) of Securities and Exchange Rules, 1987 read with

iii) Section 18 of the Securities and Exchange Ordinance, 1969 (Submission of unture and incorrect financial statements).

উপরোক্ত আর্থিক বিবরনীতে অসত্য তথ্য সরবরাহের মাধ্যমে সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের কারনে কমিশন আজকের সভায় GQ Ball Pen Industries Ltd এর পরিচালক জনাব কাজী সালেমূল হক, জনাবা সালমা হক, জনাব কাজী এম. সালমান সরোয়ার, জনাবা সারা হক এর প্রত্যেককে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও GQ Ball Pen Industries Ltd এর নিরীক্ষক, Ata Khan & Co., Chartered Accontants উল্লেখিত অনিয়মসমূহ নিরীক্ষিকের প্রতিবেদনে Qualify করতে ব্যর্থ হওয়ায় বর্ণিত নীরিক্ষকের বিরুদ্ধে পরবর্তী কার্যক্রম গ্রহনের বিষয়ে কমিশন, ICAB এ সুপারিশ করার সিদ্ধান্ত গ্রহন করেছে।

২. সভায় প্রস্তাবিত নতুন পাবলিক ইস্যু আবেদন পদ্ধতি অনুমোদিত হয়। অনুমোদিত পদ্ধতি প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকল স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংক এবং ব্যাংকে বিতরণ করা হবে। আগামী ১৫ জুলাই ২০১৪ এর মধ্যে উল্লেখিত Institution সমূহ তাদের সফটওয়্যারসহ অন্যান্য প্রয়োজনীয় পরিবর্তন সম্পাদন ও প্রস্তুতি গ্রহনপূর্বক স্টক এক্সচেঞ্জ, মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এবং এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ এর মাধ্যমে কমিশনকে অবহিত করবে। ১৫ জুলাই ২০১৪ এর পরে নতুন পদ্ধতীতে স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংক ও ব্যাংক (for NRB and Foreign Applicant) এর মাধ্যমে পাবলিক ইস্যুর আবেদন গ্রহন করা হবে।

৩. কমিশন আজকের সভায় GMG Industrial Corporation Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীকে সতর্ক পত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Rahman
20/05/2014
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd